# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৯৭০

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৮২. তাশাহ্হুদ পাঠ

باب التَّشَهُّدِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ مُحَمَّدٍ النُّفَيْلِيُّ، حَدَّثَنَا زُهَيْرٌ، حَدَّثَنَا الْحَسَنُ بْنُ الْحُرِّ، عَنِ الْقَاسِمِ بْنِ مُخَيْمِرَةَ، قَالَ أَخَذَ عَلْقَمَةُ بِيَدِي فَحَدَّثَنِي أَنَّ عَبْدَ اللهِ بْنَ مَسْعُودٍ أَخَذَ بِيَدِهِ وَأَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم أَخَذَ بِيَدِ عَبْدِ اللهِ فَعَلَّمَهُ التَّشَهُّدَ فِي الصَّلاَةِ فَذَكَرَ مِثْلَ دُعَاءِ حَدِيثِ الأَعْمَشِ " إِذَا قُلْتَ هَذَا أَوْ قَضَيْتَ هَذَا فَقَدْ قَضَيْتَ صَلاَتَكَ إِنْ شِئْتَ أَنْ تَقُومَ فَقُمْ وَإِنْ شِئْتَ أَنْ تَقْعُدَ فَاقْعُدْ "

ـ شاذ بزيادة " إِذَا قُلْتَ ... والصواب أنه من قول ابن مسعود موقوفاً عليه

বাংলা

৯৭০। আল-কাসিম ইবনু মুখায়মিরাহ (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা আলকামাহ (রহঃ) আমার হাত ধরে বলেন, একবার ’আবদুল্লাহ ইবনু মাস’ঊদ (রাঃ) তার হাত ধরে বললেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ’আবদুল্লাহর হাত ধরে সালাতের তাশাহহুদ পাঠ শিখিয়েছেন। অতঃপর তিনি আ’মাশ (রহঃ) সূত্রে বর্ণিত হাদীসে উল্লেখিত দু’আর অনুরূপ দু’আ শিক্ষা দেন। অতঃপর বললেন, যখন তুমি এ দু’আ পড়বে অথবা পড়া শেষ করবে তখন তোমার সালাত শেষ হবে। এরপর তুমি উঠে যেতে চাইলে উঠে যাবে নতুবা বসে থাকতে চাইলে বসে থাকবে।[1]

শায, এটুকু অতিরিক্ত যোগে : ’’যখন তুমি এ দু’আ পড়বে....’’। সঠিক হচ্ছে এটি ইবনু মাসউদের নিজস্ব বক্তব্য।

## English

Narrated Abdullah ibn Mas'ud:

Alqamah said that Abdullah ibn Mas'ud caught hold of his hand saying that the Messenger of Allah (ﷺ) caught hold of his (Ibn Mas'ud's) hand and taught him the tashahhud during prayer.

He then narrated the (well known ) tradition (of tashahhud). This version adds: When you say this or finish this, then you have completed your prayer. If you want to stand up, then stand, and if you want to remain sitting, then remain sitting.

### ফুটনোট

[1] আহমাদ (১/৪২২, হাঃ ৪০০৬)।

হাদিসের মান: শা'জ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ কাসিম ইবন মুখায়মারা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58288

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন